

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৫.১২.০০৭.১৮- ৪৬২

তারিখ: ২৭/৫/১৮ খ্রিঃ।

বিষয়ঃ সম্মেলনভূক্ত ক্যাশিয়ার(গ্রেড-১৬) পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিকগণের তালিকা জরুরীভিত্তিতে প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ নং-৩৪.০১.০০০০.০০৫.১২.০০৭.১৮-৪১৬, তারিখঃ ১৭/০৫/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের মাধ্যমে যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্বখাতভূক্ত ক্যাশিয়ার (গ্রেড-১৬) পদে পদোন্নতি পেতে ইচ্ছুক অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিকগণের তালিকা জরুরীভিত্তিতে diradmin@dyd.gov.bd/ddadmin@dyd.gov.bd ই-মেইল যোগে প্রেরণের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে সূত্রোক্ত বিজ্ঞপ্তি প্রদান এবং মোবাইলে ম্যাসেজ প্রদানের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবগত করা হয়েছে।

০২। বর্ণিত অবস্থায়, সকল অফিস প্রধানগণকে তাঁর অধীনে কর্মরত অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিকগণের নিকট থেকে মতামত (তার স্বাক্ষরসহ) সংগ্রহ করে জরুরীভাবে diradmin@dyd.gov.bd/ddadmin@dyd.gov.bd ই-মেইল যোগে প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো। তথ্য প্রদানের সর্বশেষ তারিখ ৩১/০৫/২০১৮ খ্রিঃ সময় বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত। নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করা না হলে সংশ্লিষ্ট অফিস প্রধানগণ দায়ী থাকবেন।

০৩। উল্লেখ্য, সমগ্রগ্রেডভূক্ত ক্যাশিয়ার পদে পদোন্নতি পেতে ইচ্ছুক না হলে তার তথ্যও প্রেরণ করতে হবে।

০৪। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

(আ. ন. আহম্মদ আলী)

যুগ্মসচিব

পরিচালক(প্রশাসন ও অর্থ)

ফোন-৯৫৫০৮৬৩।

প্রাপকঃ

- ০১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা।
- ০২। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা।
- ০৩। অধ্যক্ষ, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাতার, ঢাকা।
- ০৪। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা।
- ০৫। সহকারী পরিচালক(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। (তাকে বিজ্ঞপ্তি জরুরীভিত্তিতে যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, উপজেলা..... জেলা।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, যুব উন্নয়ন অধিদপ্তর, (সকল কার্যালয়)। সমপদ/সম্মেলে 'ক্যাশিয়ার' পদে পদোন্নতি পেতে ইচ্ছুক কিনা তা আগামী ৩১/০৫/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে অবদানপত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৯। অফিস কপি।